ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*********

<u>স-১৭৭৪</u>

কুমারঘাট, ১৭ জুলাই, ২০২৫

**কুমারঘাটে বাল্যবিবাহ রোধ, নেশা ও এইডস প্রতিরোধ বিষয়ক সচেতনতামূলক অনুষ্ঠান আয়োজিত**

কুমারঘাট মহকুমা প্রশাসনের উদ্যোগে এবং ঊনকোটি জেলা মুখ্যস্বাস্থ্য আধিকারিক কার্যালয় ও ঊনকোটি জেলা সমাজ শিক্ষা পরিদর্শক কার্যালয়ের সহযোগিতায় আজ কুমারঘাটের গীতাঞ্জলি অডিটোরিয়ামে বিপর্যয় মোকাবিলা, বাল্য বিবাহ রোধ, বেটি বাঁচাও বেটি পড়াও, নেশা ও এইডস প্রতিরোধের বিষয়ে একদিনের প্রশিক্ষণ ও সচেতনতামূলক অনুষ্ঠান আয়োজিত হয়। অনুষ্ঠানে মহকুমার বিভিন্ন অঙ্গনওয়াড়ি কর্মী, আশাকর্মী ও বিভিন্ন মন্দিরের পুরোহিতগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের উদ্বোধন করে কুমারঘাট পুর পরিষদের চেয়ারপার্সন বিশ্বজিৎ দাস বলেন, সমাজকে সুস্থ ও সুন্দর করে গড়ে তুলতে হলে এই ধরনের অনুষ্ঠানের গুরুত্ব অপরিসীম। সচেতনতাই পারে বিপর্যয় থেকে ক্ষয়ক্ষতি হ্রাস করতে ও সামাজিক ব্যাধি থেকে মানুষকে মুক্ত রাখতে। এলক্ষ্যে অঙ্গনওয়াড়ি কর্মী ও আশাকর্মীদের সেবার মনোবৃত্তি নিয়ে কাজ করার পাশাপাশি উল্লেখিত বিষয়ে শহর ও গ্রামস্তরে সচেতনতা গড়ে তুলতেও তিনি আহ্বান জানান। বাল্যবিবাহ রোধের মতো সামাজিক ব্যাধি রোধে মন্দিরের পুরোহিতদেরও বিশেষ ভূমিকা রাখতে তিনি আহ্বান জানান। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন কুমারঘাট মহকুমার মহকুমা শাসক এন এস চাকমা। উপস্থিত ছিলেন চাইল্ড ওয়েলফেয়ার কমিটির সদস্য জ্যোতির্ময় পাল, এন ডি আর এফ প্রথম ব্যাটিলিয়নের ইনস্পেক্টর কমলেশ কুমার যাদব, পেঁচারথলের সিডিপিও টি রাংলং প্রমুখ। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে টেকনিক্যাল সেশান আয়োজিত হয়।

*****